

JS (Budget)
১৭.৫.২০১৬

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ
বাজেট অনুবিভাগ-১
বাজেট শাখা-২
www.mof.gov.bd

১২/০৫/২০১৬ খ্রিঃ
তারিখঃ ২৯/০১/১৪২৩ বঃ

P-5

নং-০৭.০০.০০০০.১০২.০১৮.০০২.২০১৫-২৫০

পরিপত্র

বিষয়: উন্নয়ন ও অনুন্নয়ন বাজেটের আওতায় অর্থ অব্যয় করার সময়সীমা, জুন মাসে ব্যয় বিল দাখিল ও নিষ্পত্তি এবং জুন মাসে ইস্যুযোগ্য চেকসমূহের মেয়াদ সংক্রান্ত।

অর্থবছরের শেষদিকে বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগ/অধিদপ্তর/দপ্তর কর্তৃক দাখিলকৃত নিয়মিত বিল ও ফেরত বিলসমূহের উপর নিরীক্ষা কর্তৃপক্ষ যাতে পূর্ব-নিরীক্ষার কাজ সুষ্ঠু ও যথাযথভাবে সম্পন্ন করতে পারে সে লক্ষ্যে অর্থবছরের শেষে ব্যয় বিল দাখিল চেক ইস্যু ও চেক নগদায়নের ক্ষেত্রে শৃঙ্খলা বজায় রাখার প্রয়োজনে নিম্নরূপ সময়সীমা নির্ধারণ করা হ'ল:

ক্রঃ নং	বিষয়	নির্ধারিত সময়সীমা
১.	উন্নয়ন ও অনুন্নয়ন বাজেটের আওতায় অর্থ অব্যয় করার সময়সীমা	৩১ মে, ২০১৬
২.	উন্নয়ন ও অনুন্নয়ন উভয় খাতে নতুন ব্যয় বিল দাখিলের সর্বশেষ তারিখ	১২ জুন, ২০১৬
৩.	উন্নয়ন ও অনুন্নয়ন উভয় খাতে ফেরত বিল দাখিলের সর্বশেষ তারিখ	১৬ জুন, ২০১৬
৪.	উন্নয়ন ও অনুন্নয়ন উভয় বাজেটের আওতায় বিল নিষ্পত্তি ও চেক ইস্যুর সর্বশেষ তারিখ	৩০ জুন, ২০১৬
৫.	১লা জুন হতে ১৯ জুন, ২০১৬ তারিখ পর্যন্ত ইস্যুকৃত চেকসমূহের মেয়াদ	১১ জুলাই, ২০১৬
৬.	২০ জুন হতে ৩০ জুন, ২০১৬ তারিখের মধ্যে ইস্যুকৃত চেকসমূহের মেয়াদ	২০ জুলাই, ২০১৬
৭.	বাজেট বরাদ্দের আওতায় বিদেশ হতে পণ্য ইত্যাদি আমদানির ক্ষেত্রে সংশ্লিষ্ট আমদানি ও মূল্য পরিশোধের সর্বশেষ তারিখ	৩০ জুন, ২০১৬
৮.	যে সব ক্ষেত্রে ৩০ জুন, ২০১৬ তারিখের মধ্যে আমদানি ও মূল্য পরিশোধের প্রক্রিয়া সম্পন্ন করা যাবে না সে ক্ষেত্রে অসুবিধার কারণ, চলতি অর্থবছরে স্থাপিত এলসি'র বিপরীতে আগামী অর্থবছরে পরিশোধিতব্য অর্থের পরিমাণ প্রভৃতি বিস্তারিতভাবে উল্লেখপূর্বক স্বয়ংসম্পূর্ণ প্রতিবেদন অর্থ বিভাগে প্রেরণের সর্বশেষ তারিখ	২২ জুন, ২০১৬
৯.	বাজেট বরাদ্দের বিপরীতে বাংলাদেশ ব্যাংক কর্তৃক কোন আমদানি এলসি স্থাপন কিংবা নিষ্পত্তির সর্বশেষ তারিখ	৩০ জুন, ২০১৬

২। উপর্যুক্ত ছকে বর্ণিত সময়সীমা মন্ত্রণালয়/বিভাগ/অধিদপ্তর/দপ্তর/সংস্থা নির্বিশেষে সকলের ক্ষেত্রেই প্রযোজ্য হবে এবং এসবের বাস্তবায়ন অনুসরণ করার জন্য অর্থ বিভাগ, হিসাব মহানিয়ন্ত্রক কার্যালয় ও বাংলাদেশ ব্যাংকের কর্মকর্তা সমন্বয়ে গঠিত পরিদর্শন দল কর্তৃক হিসাবরক্ষণ কার্যালয়, বাংলাদেশ ব্যাংক ও সোনালী ব্যাংক শাখা পরিদর্শন করা হবে।

৩। এ পরিপত্রের নির্দেশনা প্রয়োগের স্বার্থে টেজারী বিধিমালায় এস.আর. ৮৫-এর কার্যকারিতা স্থগিত থাকবে।

৪। বিষয়টি অত্যন্ত গুরুত্বপূর্ণ এবং আর্থিক শৃঙ্খলা ব্যবস্থাপনা সংশ্লিষ্ট বিধায় অবশ্য পালনীয়।

<input type="checkbox"/> যুগ্ম-সচিব (উন্নয়ন-১)
<input type="checkbox"/> যুগ্ম-সচিব (উন্নয়ন-২)
<input type="checkbox"/> উপ-সচিব (উন্নয়ন-১)
<input type="checkbox"/> উপ-সচিব (উন্নয়ন-২)
অতিরিক্ত সচিব (উন্নয়ন-১)

প্রাপনিক ও প্রাপিকা
সূত্র নং
তারিখ
অতিরিক্ত সচিব (উন্নয়ন-১)

স্বাক্ষরিত/-
(মোঃ হাবিবুর রহমান)
যুগ্ম-সচিব (বাজেট-১)
ফোনঃ ৯৫৭৬০৪৩

(অঃ পূঃ দ্রঃ)

৯৩৪

